

কমল কুজুর

বাবা ও সন্তান

প্রতিদিন একটু একটু করে কষ্ট গুছিয়ে রেখে
সুখের সন্ধান দাও অন্যদের
হাসিমুখে দাঁড়াও সামনে এসে
যত বিপদ সঙ্কট যায় সব দূরে সরে।
নক্ষত্রগুলো যখন আলো দেয় ছড়িয়ে পৃথিবীর পরে
তোমার স্নেহমাখা হাত আমায় রাখে নিশ্চিন্ত
সারা দিন সারাটা রাত,
শত সমস্যাতেও আমার করে না ভয়
তুমি সাহস যুগিয়ে যাও সহসাই।
যখন জুরে জুগে কষ্ট পেতাম তুমিই থেকেছ
পাশে অবিরাম,
ঝড় বৃষ্টির সময় দিয়েছে হাতা,
মাংসের তরকারিতে তোমার ভাগে শুধু আলু
আর আমরা মাংসের টুকরো
এভাবেই করেছ বড় আমাদের।
বাবা, এখন প্রায়ই মাংস রান্না হয়
তোমার বাসাতে
আমাদের বাসায়,
এ তরকারি তেমন স্বাদ করেনা
যেমনটা আগে হতো।
আমরা এখন অনেক বড় হয়েছি বাবা
শুধু তুমিই নেই,
তবুও বেঁচে থাকি
পৃথিবীর সামনে দাঁড়াই সহাস্যে
আর একটু একটু করে সংকল্প আকি।



বাবার জন্য কবিতা